Date of Publication : 1st December, 2012 Price : Rs. 2

VOL-2, Issue 9 Postal Registration No. : KOL RMS/42/2010-2012
For circulation to Subscribers only RNI No.-WBBIL/2011/38613

# ব্রাহ্ম সম্মিলন বার্তা

## ব্রাহ্ম সম্মিলন সমাজ

১-এ, ডাঃ রাজেন্দ্র রোড, কলকাতা-৭০০ ০২০
Brahmo Sammilan Barta ❑ Brahmo Sammilan Samaj

দ্বিতীয় বর্ষঃ নবম সংখ্যা ডিসেম্বর ২০১২ অগ্রহায়ণ-পৌষ ১৪১৯

—ঃ সূচীপত্র ঃ—

| | |
|---|---|
| এ মাসের নিবেদন | — ১ |
| ভাই প্রতাপচন্দ্র মজুমদার | — ২ |
| স্মরণিকা | — ২ |
| সাপ্তাহিক উপাসনা ও স্মরণ | — ৩ |
| বিশেষ অনুষ্ঠান | — ৩ |
| ২০১৩ জানুয়ারী মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী | — ৩ |
| শোক সংবাদ | — ৩ |
| পারিবারিক ও অন্যান্য অনুষ্ঠান | — ৪ |
| কৃতজ্ঞতা স্বীকার | — ৪ |
| মাঘোৎসবের আহ্বান | — ৫ |
| ১৮৩ তম মাঘোৎসবের অনুষ্ঠানসূচী | — ৬ |
| ১৮৩ তম মাঘোৎসবের সূচনা | — ৭ |
| বিজ্ঞপ্তি | — ৭ |
| বিশেষ জ্ঞাতব্য | — ৮ |

সমাজ কার্যালয়ে যোগাযোগের সময়ঃ
প্রতিদিন সন্ধ্যা ৬-৩০টা থেকে ৮-৩০টা
Telephone No. (033) 6450-0915
email :sammilanbarta@gmail.com

## এ মাসের নিবেদন

### বর্ষশেষের প্রার্থনা

প্রতিদিন প্রভাতের আলোর উন্মেষ দিনের প্রারম্ভ ঘোষণা করে আবার দিনটি পলে পলে অগ্রসর হয়ে রাত্রির অন্ধকারে নিজেকে মিলিয়ে দিয়ে পরদিবস রূপে উন্মোচিত হবার প্রতীক্ষায় থাকে। অনাদিকাল ধরে সময়ের অনন্তধারা এইভাবেই প্রবাহিত হয়ে চলেছে। জীবনযাপনের প্রয়োজনে আমরা এই অখণ্ড ধারাটিকে বিভক্ত করি আমাদের সময়ের ধারণার বিভাগ দিয়ে। দৈনন্দিনতার মধ্য দিয়ে দিনের পর দিন চলে যায়-সময়ের প্রবাহ এইভাবেই একসময়ে আমাদের বছরের শেষ প্রহরটিতে পৌছে দেয়।

বছরের উপান্তে পৌছে একবার ফিরে দেখতে হবে পার হয়ে আসা দিনগুলির দিকে - দেখব, জীবনের অবধারিত আলোছায়া হাসিকান্নার মধ্য দিয়ে আমরা পথ চলেছি। প্রিয়জনের বিয়োগব্যাথায়, অপ্রাপ্তির হতাশায় কখনো আমাদের হৃদয়গুলি ম্লান হয়েছে, আবার প্রাপ্তির ও সার্থকতা বোধের আনন্দে হৃদয় প্লাবিত হয়েছে। আজ আমরা একটু ভেবে দেখি বিগত দিনগুলিতে, হে হৃদয়নাথ তুমি যে অনুক্ষণ ছিলে আমাদের সাথে আমাদের দুঃখে আনন্দে, একথা আমরা কতটা যথার্থভাবে উপলব্ধি করতে পেরেছি। অনেকসময়েই হয়ত কর্মজালে আবদ্ধ হয়ে আমিত্ব ও স্বার্থবোধের গণ্ডিবদ্ধতা অতিক্রম করে সেই অনন্তস্বরূপ ও অন্তরতরর অবিরাম উপস্থিতি সঠিকভাবে অনুভূত হয়নি আমাদের চৈতন্যে। বর্ষশেষে নতুন বছরের আগমন বার্তা যখন ধ্বনিত হবে - হে নিখিল নাথ, আমরা যেন আমাদের হৃদয়গুলিকে আমির আবরণ মুক্ত করে প্রসারিত করতে পারি নিখিলের দিকে। চিন্তার স্বচ্ছতা ও হৃদয়ের এই প্রসারের মধ্যেই আমাদের জন্য কল্যাণকর ও শুভ-দায়ক যা কিছু নিহিত - এই বোধে আমরা যেন উজ্জীবিত হতে পারি এই প্রার্থনাই করব।

হে পরম, হে পূর্ণ, আমাদের সকল ভ্রান্তি, অপূর্ণতা, শুভ অশুভ সবকিছু

নিয়ে বৎসরান্তে আমরা তোমার কাছে নিজেদের আনত করব। প্রার্থনা করব আমাদের সত্যবোধ প্রদান কর, প্রীতি ও সহমর্মিতা বোধে হৃদয়গুলিকে স্নিগ্ধ কর। তোমার কল্যাণসুন্দর রূপটি হৃদয়ে ধারণ করে যেন ক্ষোভ, ক্রোধ, দ্বেষ থেকে নিজেদের বিযুক্ত করতে পারি। সামগ্রিকভাবে যা মঙ্গলকর তার প্রতি যেন সার্থক রূপে চিত্তকে ধাবিত করতে পারি। নববর্ষের আবাহনের সম্মিলিত প্রার্থনায় জীবন দেবতাকে আন্তরিকভাবে বলব

অন্তর মম বিকশিত কর অন্তরতর হে।
নির্মল কর উজ্জ্বল কর সুন্দর কর হে।।

— শ্রীমতী রেবেকা রক্ষিত

## ভাই প্রতাপচন্দ্র মজুমদার

(পূর্ব প্রকাশিতের পর)

আদি ব্রাহ্ম সমাজে রবীন্দ্রনাথ প্রথমবার যখন বেদীতে বসেন (মাঘ ৯, ১২৯২) — এর পরিপ্রেক্ষিত ছিল — বঙ্কিম প্রমুখ শক্তিমান লেখকদের ব্রাহ্মধর্ম ও ব্রাহ্মসমাজের আদর্শ পরিপন্থী প্রচারের বিরুদ্ধে ঈশ্বরের নিরাকার চৈতন্যময় স্বরূপের সাধনা, ব্রাহ্ম সমাজের তিনটি শাখাকে নিয়ে — সেই উপাসনায় নববিধান সমাজের পক্ষ থেকে প্রতাপচন্দ্র মজুমদার বেদীতে বসেন। প্রসঙ্গত উল্লেখযোগ্য আদি সমাজের পক্ষ থেকে রবীন্দ্রনাথ ছাড়াও দ্বিজেন্দ্রনাথ ও সত্যেন্দ্রনাথ, নববিধান সমাজের পক্ষে প্রতাপচন্দ্র ছাড়াও ত্রৈলোক্যনাথ সান্যাল, সাধারণ সমাজের পক্ষে শিবনাথ শাস্ত্রী ও উমেশচন্দ্র দত্ত এই ঐতিহাসিক সম্মিলত উপাসনায় বেদীতে বসেন।

সংগঠনের ক্ষেত্রেও প্রতাপচন্দ্র মজুমদারের উল্লেখযোগ্য অবদান — ছাত্রদের জন্য বিখ্যাত প্রতিষ্ঠান "The University Institute- এর প্রতিষ্ঠা।

পরিশেষে প্রতাপচন্দ্রের একটি বিশেষ উল্লেখযোগ্য প্রতিবেদন- গুরুনানক, পারস্য কবি সাদী এবং যোগবশিষ্ঠর উদ্ধৃতি সমৃদ্ধ "The World's Religious Debt to Asia" থেকে একটি উদ্ধৃতি দিয়ে এই শ্রদ্ধার্ঘ্য শেষ করি — The first gift conferred by Asia on the religious world is insight into nature. The Oriental discovers, contemplates, and communes with the Spirit of God who, in his view, fills all creation. Nature is not a mere stimulus to mild poetry; *Nature is God's abode*. He did not create it and then leave it to itself, but He lives in every particle of its great structure. Nature is not for man's bodily benefit, but for his spiritual emancipation also." (সমাপ্ত)

— শ্রীঅনিরুদ্ধ রক্ষিত

## —ঃ স্মরণিকা ঃ—

### মরণ সাগর পারে তোমরা অমর তোমাদের স্মরি

১৬ই ডিসেম্বর (১৯৬৯) — আচার্য লাবণ্যপ্রভা দাসের ৪৩তম তিরোধান দিবস।

১৮ই ডিসেম্বর (১৮৫৭) — ডাঃ সুন্দরী মোহন দাসের ১৫৫ তম জন্মদিবস।

২০শে ডিসেম্বর (১৯১৫) — শিশু-সাহিত্যিক উপেন্দ্র কিশোর রায়চৌধুরীর ৯৭ তম তিরোধান দিবস।

২৩শে ডিসেম্বর (১৯৩৩) — হেমচন্দ্র সরকারের ৭৯তম তিরোধান দিবস।

২৫শে ডিসেম্বর (০০০০) — মহাত্মা যীশু খ্রীষ্টের ২০১২ তম জন্মদিবস।

## —ঃ ২০১২ ডিসেম্বর মাসের সাপ্তাহিক উপাসনা ও স্মরণ ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| রবিবার ২রা ডিসেম্বর ২০১২ | — | আচার্য | - | শ্রীমতী সুনন্দিতা সেনগুপ্ত |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - | শ্রীমতী রুবী মজুমদার |
| রবিবার ১৬ই ডিসেম্বর ২০১২ | — | আচার্য | - | শ্রীমতী সুতপা রায়চৌধুরী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | স্মরণ | - | আচার্য লাবণ্যপ্রভা দাস, ডাঃ সুন্দরী মোহন দাস ও উপেন্দ্রকিশোর রায়চৌধুরী |
| | | সঙ্গীত | - | শ্রীমতী রেবেকা রক্ষিত ও শ্রীঅনিরুদ্ধ রক্ষিত |

আপনাদের সাদর আমন্ত্রণ জানাই।

## —ঃ বিশেষ অনুষ্ঠান ঃ—

।। নবান্ন উৎসব ২০১২।।

| | | | | |
|---|---|---|---|---|
| রবিবার ৯ই ডিসেম্বর, ২০১২ | ঃ | নবান্ন পুষ্পে-ফলে সজ্জিত মন্দিরে কৃতজ্ঞতার নিবেদন | | |
| সন্ধ্যা ৬-৩০ টা | | আচার্য | - | ডঃ সুনন্দা (রাখী) রায়চৌধুরী |
| | | সঙ্গীত | - | ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী |

## —ঃ ২০১২ তম খ্রীষ্ট জন্মোৎসব ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| রবিবার ২৩শে ডিসেম্বর, ২০১২ | ঃ | আচার্য | - | শ্রীসঞ্জীব মুখার্জি |
| সন্ধ্যা ৬-৩০টা | | সঙ্গীত | - | শ্রীমতী সুনন্দিতা সেনগুপ্ত ও শ্রীগৌতম সেনগুপ্ত |

## —ঃ বর্ষ (২০১২) বিদায় ও নববর্ষ (২০১৩) আবাহন ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| রবিবার ৩০শে ডিসেম্বর, ২০১২ | ঃ | আচার্য | - | শ্রীঅনিরুদ্ধ রক্ষিত |
| সন্ধ্যা ৬-৩০টা | | সঙ্গীত | - | শ্রীমতী মাধবী তালুকদার |

আপনাদের সবান্ধব উপস্থিতি কামনা করি।

## —ঃ ২০১৩ জানুয়ারী মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| রবিবার ৬ই জানুয়ারী ২০১৩ | — | আচার্য | - | শ্রীসিদ্ধার্থ ব্রহ্মচারী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - | শ্রীমতী রুবী মজুমদার |
| রবিবার ১৩ই জানুয়ারী ২০১৩ | — | আচার্য | - | শ্রীতপোব্রত ব্রহ্মচারী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - | ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী |

আপনাদের সাদর আমন্ত্রণ জানাই।

## —ঃ শোক সংবাদ ঃ—

বিগত ১০ই অক্টোবর ২০১২ প্রয়াত সিদ্ধিনাথ সেন ও প্রয়াতা বীণা সেনের পুত্র, শ্রীমতী রীতা সেনের স্বামী এবং শ্রীঅর্জুন সেন ও শ্রীঅনিরুদ্ধ সেনের পিতা শ্রীশঙ্কর সেন ৭৬ বছর বয়সে পরলোকগমন করেছেন।

বিগত ১০ই নভেম্বর ২০১২ প্রয়াত দেবেন্দ্রনাথ ভট্টাচার্য্যের কন্যা, প্রয়াত অরুণ চন্দ্র বাগচীর পত্নী এবং শ্রীমতী অর্পিতা কুণ্ডু ও শ্রীঅভিজিৎ বাগচীর মাতা শ্রীমতী নমিতা বাগচী কলকাতায় ৮৮ বছর বয়সে পরলোকগমন করেছেন।

## —ঃ পারিবারিক / অন্যান্য অনুষ্ঠান ঃ—

**শ্রাদ্ধানুষ্ঠান ঃ**

বিগত ২১শে অক্টোবর ২০১২ রবিবার সকাল ৯টায় ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে প্রয়াত শঙ্কর সেনের শ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীরাজকুমার বর্মণ ও সঙ্গীত পরিবেশন করেন শ্রীকৌশিক দে। শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন শ্রীঅনিরুদ্ধ সেন ও শ্রীমতী রাণু মুখার্জ্জী।

বিগত ৪ঠা নভেম্বর ২০১২ রবিবার সকাল ১০টায় প্রয়াতা আরতি বোসের আদ্যশ্রাদ্ধানুষ্ঠানে আচার্য্যের কাজ পালন করেন ডঃ সুনন্দা (রাখী) রায়চৌধুরী এবং সঙ্গীতে অংশগ্রহণ করেন শ্রীদেবাশীষ রায়চৌধুরী এবং শ্রীমতী রোহিনী রায়চৌধুরী। শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন শ্রীমতী স্মিতা বসু, শ্রীমতী শতরূপা বসু, শ্রীযুধাজিৎ বসু, শ্রীতমোজিৎ বসু ও Mr. John Ambat.

বিগত ১৮ই নভেম্বর ২০১২ রবিবার সকাল ১০টায় ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে প্রয়াতা নমিতা বাগচীর শ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীপ্রণব রায় ও সঙ্গীতে অংশগ্রহণ করেন সর্বশ্রী/শ্রীমতী মানসী চ্যাটার্জী, অনন্যা চ্যাটার্জী, শ্রেয়সী চ্যাটার্জী, অমৃতা কুণ্ডু নায়ার, দেবাশিস বসু, ডঃ অরিজিৎ কুণ্ডু ও অনির্বাণ কুণ্ডু। শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন শ্রীমতী অর্পিতা কুণ্ডু (কন্যা) ও শ্রীঅভিষেক ভট্টাচার্য্য (অগ্রজের পৌত্র)।

**সাপ্তাহিক উপাসনা ও স্মরণ ঃ**

বিগত নভেম্বর ২০১২, রবিবাসরীয় সাপ্তাহিক উপাসনার কার্যসূচী অনুযায়ী দেশবন্ধু চিত্তরঞ্জন দাস, ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেনের স্মরণে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। শ্রীমতী সুতপা রায়চৌধুরী, শ্রীমতী রেবেকা রক্ষিত, শ্রীমতী শ্রীলতা গুপ্ত ও শ্রীসঞ্জীব মুখার্জি আচার্যের দায়িত্ব পালন করেন। সঙ্গীত পরিবেশন করেন প্রথম রবিবার শ্রীমতী রেবেকা রক্ষিত ও শ্রীঅনিরুদ্ধ রক্ষিত। দ্বিতীয় রবিবার সর্বশ্রী/শ্রীমতী অনুরমা ভট্টাচার্য, সুহিতা ভট্টাচায, শ্রীচন্দ্রা ব্যানার্জী, শ্যামলী সেনগুপ্ত, অনুলেখা ব্যানার্জী, অঞ্জনা গুহ, সুস্মিতা নাথ, অনিন্দিতা সেন, শর্মিলা দে, বিজয়লক্ষ্মী দাস, মৃদুলা ব্যানার্জী, জয়শ্রী ব্যানার্জী, রত্না মুখার্জি, অনিন্দিতা দাসগুপ্ত, করবী মুখার্জি ও মলয় দাস, । তৃতীয় রবিবার শ্রীমতী সুনন্দিতা সেনগুপ্ত ও শ্রীগৌতম সেনগুপ্ত ও চতুর্থ রবিবার শ্রীমতী মাধবী তালুকদার ও শ্রীঅভিনন্দা তালুকদার।

**সঙ্গত সভা ঃ**

বিগত ২৫শে নভেম্বর ২০১২ বিকেল পাঁচটায় ব্রাহ্ম সম্মিলন সমাজের সভাকক্ষে শ্রীসঞ্জীব মুখার্জির পরিচালনায় সঙ্গত সভা অনুষ্ঠিত হয়।

---

## —ঃ কৃতজ্ঞতা স্বীকার ঃ—

**সাধারণ ফণ্ড ঃ** শ্রীমতী রেবা চ্যাটার্জী (প্রয়াতা মাতা সুবোধবালা বিশ্বাসের স্মৃতির উদ্দেশ্যে) — ১০০০ টাকা (র/নং ২৮৭৮)

***সমাজের কেয়ারটেকার শ্রীরামেশ্বর সিং (সিংজীর) পুত্র শ্রীবিকাশ সিং-এর চিকিৎসার্থে (Kidney Failure) দান ঃ*** শ্রীমতী সুনন্দা রায়চৌধুরী (টুনু) — ১০০০ টাকা (র/নং ২৮৭৪); শ্রীধ্রুব বোস — ১৫০০ টাকা (র/নং ২৮৭৫); শ্রীমতী শ্রীলা রায় — ৫০০ টাকা (র/নং ২৮৮১); শ্রীঅরিজিৎ কুণ্ডু — ২০০০ টাকা (র/নং ২৮৮২)।

**ওয়েলফেয়ার ফণ্ড ঃ** শ্রীমতী অমৃতা সিলভার, শ্রীমতী সুনীতা বসু ও শ্রীমতী জয়িতা বোস — ১৫০ টাকা (র/নং ২৮৭৬) ; শ্রীঅনুরাধা ভট্টাচার্য্য ও শ্রীসন্দীপ বসু (প্রয়াতা মঞ্জু চ্যাটার্জীর শ্রাদ্ধ উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং ২৮৮০)

**দাতব্য হোমিও চিকিৎসালয় ফণ্ড ঃ** শ্রীমতী রীতা বিশ্বাস — ১০০০ টাকা (র/নং ২৪১); শ্রীধ্রুব বোস — ১২০০ টাকা (র/নং ২৪৪); শ্রীঅভিজিৎ বাগচী ( প্রয়াতা মাতা নমিতা বাগচীর আদ্যশ্রাদ্ধ উপলক্ষে) — ২০০০ টাকা (র/নং ২৪৫)

নৈশ্য বিদ্যালয় ফণ্ড ঃ শ্রীমতী জয়িতা বোস — ৫০০ টাকা (র/নং ২২৪); ডঃ অনুমিতা দে — ২০০০ টাকা (র/নং ২২৬) ; শ্রীমতী অর্পিতা কুণ্ডু — ২০০০ টাকা (র/নং ২২৭)।

এই সকল সহৃদয় দান ও সাহায্যের জন্য আমরা সকল দাতাদের আন্তরিক কৃতজ্ঞতা জানাই। এই সকল দান সার্থক হোক।

---

## —ঃ ব্রাহ্ম সম্মিলন সমাজ ঃ—

১-এ ডাঃ রাজেন্দ্র রোড, ভবানীপুর, কলকাতা - ৭০০ ০২০

**১৮৩ তম মাঘোৎসব ১৪১৯ (২০১৩)**

।। মাঘোৎসবের আহ্বান ।।

"উৎসব-মন্দিরে আজ, বিশ্বপতি ধর্মরাজ
করেন বিরাজ, রাজসিংহাসনে—
মরি কী সুন্দর শোভা, পুণ্যময়ের পুণ্যপ্রভা,
কৃতার্থ হইল প্রাণ দরশনে।"

— ত্রৈলোক্যনাথ সান্যাল

প্রিয় ভ্রাতা/ভগিনী,

বৎসরান্তে আবার আহ্বান এসেছে উৎসবাধিপতির দরবারে ভ্রাতাভগ্নী সকলে মিলে আনন্দযজ্ঞে সামিল হবার জন্য। সারাটি বছর ধরে কত সুখে-অসুখে পথে-বিপথে ঘুরে বেড়িয়েছি আমরা। আজ আকুলিত ভক্ত হৃদয়গুলি কণ্ঠ ভরে তাঁর নামগান গাইবার জন্য উৎসুক হয়ে উঠেছে। আমাদের মোহে অচেতন তমসাবৃত প্রাণগুলিতে সেই পুরানো মধুর বাণী বেজে উঠেছে — তাই ভ্রাতা ভগ্নী, বন্ধুজনে মিলে ছুটে এসেছি সেই দয়ালনামখানিকে সম্বল করে প্রেমানন্দরসধারায় অবগাহন করার জন্য। কিন্তু দেবতাকে নিবেদন করার মত কিছুই তো নেই আমাদের। তাই রিক্ত চিত্তগুলিকে, সাধন ভজনহীন জীবনগুলিকেই তাঁর চরণে ভক্তি উপহাররূপে সাজিয়ে দেবো। দেবতার আশীর্বাদ লাভ ক'রে আমাদের মৃতপ্রায় জীবনগুলি নূতন করে জেগে উঠুক - অমৃতরসধারায় অবগাহন করুক। এই হোক আমাদের উৎসবের মূল মন্ত্র।

"মুখরিয়া দিক চলিবে পথিক অমৃতসভার যাত্রী,
গগনে ধ্বনিবে 'নাথ, নাথ, বন্ধু বন্ধু বন্ধু"।।

বিনীত,

সঞ্জীব মুখার্জি, স্থায়ী আচার্য
প্রসাদরঞ্জন রায়, সভাপতি
দাসগুপ্ত প্রসূন গাঙ্গুলী , সম্পাদক
অনিরুদ্ধ রক্ষিত কোষাধ্যক্ষ
ব্রাহ্ম সম্মিলন সমাজ (১লা ডিসেম্বর ২০১২)

চন্দ্রা বসু রীতা বিশ্বাস শ্যামলী দাসগুপ্ত
ব্রততী বসু মিতালী গাঙ্গুলী মমতা
শ্রীলতা গুপ্ত অঞ্জলি সেন প্রদীপ্ত রায়
যুগ্ম-সম্পাদকবর্গ
১৮৩ তম মাঘোৎসব কমিটি, ২০১৩

# ব্রাহ্ম সম্মিলন সমাজ

## ১এ ডঃ রাজেন্দ্র রোড ভবানীপুর

## ১৮৩ তম মাঘোৎসব: ১৪১৯ (২০১৩)

## ।। অনুষ্ঠান সূচী ।।

**বুধবার ২রা মাঘ ঃ ১৬ই জানুয়ারী, ২০১৩**

।। মাঘোৎসবের উদ্বোধন ।।

।। রাজর্ষি রামমোহন ও পূর্বাচার্য স্মরণ।।

সন্ধ্যা ৬-৩০ টা ঃ ব্রহ্মোপাসনা

আচার্য ঃ ডঃ মধুশ্রী ঘোষ

সঙ্গীত ঃ শ্রীদেবাশীষ রায়

**শুক্রবার ৪ঠা মাঘ, ঃ ১৮ই জানুয়ারী, ২০১৩**

সন্ধ্যা ৬-৩০ টা ঃ শ্রদ্ধায় স্মরণ

প্রার্থনা ঃ শ্রীমতী সুনন্দিতা সেনগুপ্ত

সঙ্গীত ঃ শ্রীমতী কমলিকা বন্দ্যোপাধ্যায় ও শ্রীঅরীন্দ্রজিৎ সাহা

সভাপতি ঃ ডঃ অমিতাভ খাস্তগীর

স্মরণ ঃ বক্তা

রাজনারায়ণ বসু ঃ ডঃ সুজয়া দে সরকার

কাদম্বিনী গাঙ্গুলী ঃ শ্রীপ্রসাদ রঞ্জন রায়

**শনিবার ৫ই মাঘ, ঃ ১৯শে জানুয়ারী, ২০১৩**

অপরাহ্ন ৪-৩০ টাঃ বালক বালিকা সম্মেলন

প্রার্থনা ঃ

সুকুমার রায়ের ১২৫ তম জন্মজয়ন্তী

সাংস্কৃতিক অনুষ্ঠানঃ নৃত্য-গীত-আবৃত্তি (১২ বছর বয়স পর্যন্ত)

**রবিবার ৬ই মাঘ, ঃ ২০শে জানুয়ারী, ২০১৩**

"সম্মিলিত যুব উৎসব"

(ব্রাহ্ম সম্মিলন সমাজ, সাধারণ ব্রাহ্ম সমাজ ও ভারতবর্ষীয় ব্রাহ্ম মন্দিরের উদ্যোগে)

স্থান ঃ ব্রাহ্ম সম্মিলন সমাজ

সকাল ৯.০০ টা ঃ বৈতালিক

৯.৩০টা ঃ ব্রহ্মোপাসনা

আচার্য ঃ

সঙ্গীত ঃ যুবজন

পরিচালনা ঃ শ্রীউজ্জ্বল বন্দ্যোপাধ্যায়

কৃতী ছাত্রী সম্বর্ধনা ঃ শ্রীমতী শ্রেয়সী চ্যাটার্জী

বিতর্ক সভা ঃ একবিংশ শতকে ব্রাহ্মসমাজের প্রাসঙ্গিকতা

সভাপতি ঃ ডঃ রবিরঞ্জন সেন

।। মহর্ষি দিবস ।।

সন্ধ্যা ৬-৩০ টা ঃ শ্রদ্ধাঞ্জলি

প্রার্থনা ঃ শ্রীঅনিরুদ্ধ রক্ষিত

বক্তা ঃ শ্রীঅরুণেন্দু বন্দ্যোপাধ্যায়

সঙ্গীত ঃ শ্রীমতী অনুরাধা বসু

**৮ই মাঘ, মঙ্গলবার ঃ ২২শে জানুয়ারী, ২০১৩**

অপরাহ্ন ৪-৩০ টাঃ নৈশ বিদ্যালয়ের বাৎসরিক উৎসব ও পারিতোষিক বিতরণ

প্রার্থনা ও সঙ্গীত ঃ বিদ্যালয়ের ছাত্রছাত্রীবৃন্দ

সভাপতি ঃ

বিচিত্রানুষ্ঠান ঃ বিদ্যালয়ের ছাত্রছাত্রীবৃন্দ

**বুধবার ৯ই মাঘ, ঃ ২৩শে জানুয়ারী, ২০১৩**

সন্ধ্যা ৬.৩০টা ঃ বক্তৃতা সভা

বিষয় ঃ বেদান্ত দর্শন ও ঈশ্বরকণা (হিগস্-বোসন তত্ত্ব)

সভাপতি ঃ শ্রীপ্রসাদরঞ্জন রায়,

প্রার্থনা ঃ ডঃ অমিতাভ খাস্তগীর

বক্তা ঃ ঈশ্বরকণা-অধ্যাপক ডঃ দেবাশিস মজুমদার, গবেষক, মহাজাগতিক কণা-পদার্থবিদ্যা (সাহা ইনস্টিটিউট অব নিউক্লিয়ার ফিজিক্স) বেদান্তদর্শন-ডঃ অমিতাভ খাস্তগীর

সঙ্গীত ঃ শ্রীদেবাশিষ রায়চৌধুরী শ্রীমতী রোহিনী রায়চৌধুরী

**বৃহস্পতিবার ১০ই মাঘ, ঃ ২৪শে জানুয়ারী, ২০১৩**

।। ১১ই মাঘের প্রস্তুতি ।।

বিশেষ প্রার্থনা ঃ শ্রীমতী জয়শ্রী ভট্টাচার্য্য

ব্রহ্মসঙ্গীতানুষ্ঠান ঃ শ্রীমোহন সিং, শ্রীমতী প্রমিতা মল্লিক

**শুক্রবার ১১ই মাঘ, ঃ ২৫শে জানুয়ারী, ২০১৩**

**।। ১৮৩ তম ব্রহ্মমন্দির প্রতিষ্ঠা দিবস ।।**

সকাল ৮-৩০ টা ঃ ব্রহ্মোপাসনা
আচার্য ঃ শ্রীপ্রণব রায়
সঙ্গীত ঃ সমবেত ভক্তমণ্ডলী

**জোড়াসাঁকো মহর্ষিভবনে সম্মিলিত মাঘোৎসব**

সন্ধ্যা ৫-৩০টা ঃ উপাসনা ও সঙ্গীত
পর্যায় ঃ আচার্য
উদ্বোধন ঃ শ্রীমতী সুনন্দিতা সেনগুপ্ত (ব্রাহ্ম সম্মিলন সমাজ)
স্বাধ্যায় ঃ শ্রীমতী সুরশ্রী দাস (ভারতবর্ষীয় ব্রহ্ম মন্দির)
নিবেদন ও প্রার্থনা ঃ শ্রীরাজকুমার বর্মণ (সাধারণ ব্রাহ্ম সমাজ)
সঙ্গীত ঃ বৈতানিক শিল্পী-গোষ্ঠী

সন্ধ্যা ৬-৩০টা ঃ **নবীন শিল্পীদের সঙ্গীতানুষ্ঠান**
প্রার্থনা ঃ শ্রীমতী সুতপা রায়চৌধুরী
সঙ্গীত ঃ শ্রীমতী প্রিয়াঙ্গী লাহিড়ী, শ্রীমতী ঋতশ্রী ভট্টাচার্য্য শ্রীঋষি ব্যানার্জী, শ্রীকৌশিক চ্যাটার্জী

**শুক্রবার ১২ই মাঘ, ঃ ২৬শে জানুয়ারী, ২০১৩**

সন্ধ্যা ৬-৩০টা ঃ **"দেশের জন্য প্রার্থনা ও দেশাত্মবোধক সঙ্গীত".**
প্রার্থনা ঃ শ্রীমতী সুনন্দা (রাখী) রায়চৌধুরী
সঙ্গীত ঃ "ধৈবত"
পরিচালনা ঃ শ্রীশেখর গুপ্ত ও শ্রীমতী অদিতি গুপ্ত

**রবিবার ১৩ই মাঘ, ঃ ২৭শে জানুয়ারী, ২০১৩**

**।। দিনব্যাপী উৎসব।।**

সকাল ৮-০০ টা ঃ **কীর্তন ঃ শ্রীরাজকুমার বর্মন**
সকাল ৮-৩০ টা ঃ বৈতালিক
সকাল ৯-০০ টা ঃ ব্রহ্মোপাসনা
আচার্য ঃ শ্রীসঞ্জীব মুখার্জি
সঙ্গীত ঃ যুবজন
পরিচালনা ঃ শ্রীদেবাশিস বসু
সন্ধ্যা ৬-৩০টা ঃ **"শান্তিবাচন"**
আচার্য ঃ শ্রীমতী সুনন্দা দাস
সঙ্গীত ঃ সমবেত ভক্তমণ্ডলী
পরিচালনা ঃ শ্রীমতী শুক্লা দাসগুপ্ত

**শনিবাব ১৯শে মাঘ, ঃ ২রা ফেব্রুয়ারী, ২০১৩**

**।। আনন্দমেলা ।।**

অপরাহ্ন ৪-৩০ টা ঃ মেলার উদ্বোধন
উদ্বোধন ঃ

---

**উৎসবে সর্বসাধারণের সাদর উপস্থিতি কামনা করি। কার্য-কারণে অনুষ্ঠানসূচী পরিবর্তিত হইতে পারিবে।**

---

## —ঃ ১৮৩ তম মাঘোৎসব ২০১৩ ঃ—

### ।। সূচনা ।।

মাঘোৎসবের কর্মসূচীর সফল রূপায়ন কল্পে বিভিন্ন উপ-সমিতির উৎসাহী সদস্যদের ও বিভিন্ন ভক্তবন্ধুদের এই সকল কাজে সাহায্যের জন্য সমাজের সম্পাদক শ্রীপ্রসূন গাঙ্গুলীর সঙ্গে দুরভাবে (2464-9576 অথবা 98307 63928 ) যোগাযোগ করলে সমাজ উপকৃত হবে। স্মারক-গ্রন্থ, বালক-বালিকা সম্মেলন, দিনব্যাপী উৎসব, অর্থ-সংগ্রহ, প্রেমান্ন ভোজ ও আনন্দমেলা ইত্যাদি বিভিন্ন উপ-সমিতির মাধ্যমে সাহায্যের প্রত্যাশা করি। স্মারক-গ্রন্থের জন্য প্রবন্ধ এবং বিজ্ঞাপন, আনন্দ-মেলায় বানিজ্যিক বিজ্ঞাপন সংগ্রহ করে ও লোক সমাগমে সাহায্য করে এবং উৎসবের ক্রমবর্ধমান বিপুল ব্যয়ভার বহনের জন্য যথোপযুক্ত চাঁদা প্রদান বা সংগ্রহ করে সাহায্য করুন।

---

## —।। বিজ্ঞপ্তি ।।—

১৮৩ তম মাঘোৎসবের দিনব্যাপী উৎসবে সঙ্গীতে অংশগ্রহণে ইচ্ছুক উৎসাহী গায়ক-গায়িকাদের সাদর আহ্বান জানাচ্ছি। সেই উদ্দেশ্যে উৎসাহী গায়ক-গায়িকাদের প্রতি আন্তরিক আবেদন, তাঁরা যেন অনুগ্রহ করে নিঃসঙ্কোচে শ্রীমতী শুক্লা দাসগুপ্তের সঙ্গে অবিলম্বে যোগাযোগ করেন। শ্রীমতী দাসগুপ্তের ঠিকানা 7-Y, Cornfield Road, Kolkata - 700 019 এবং দূরভাষ নম্বর ঃ 6540-3156, (92300 85309) সকলের প্রিয় মাঘোৎসবকে সুন্দর ও সার্থক করে তুলতে সকলের সক্রিয় সহযোগিতা প্রার্থনা করি। রিহার্সাল শুরু হবে ৪ঠা ডিসেম্বর ২০১২ থেকে।

## —ঃ বিশেষ জ্ঞাতব্য ঃ—

### ১। শত-বার্ষিকী স্মারক গ্রন্থ ও স্মারক-খাম ঃ

সমাজের শত-বার্ষিকী উপলক্ষে একটি 'শত-বার্ষিকী স্মারকগ্রন্থ' প্রকাশ করা হইয়াছে। বহু সুধীবৃন্দের প্রবন্ধ ইত্যাদি,রবীন্দ্র-রচনার ইংরাজী অনুবাদ সম্বলিত এই স্মরক-গ্রন্থ প্রশংসাধন্য ও নিজস্ব পাঠাগারে সংরক্ষণ ও প্রীতি-উপহার দিবার যোগ্য; মূল্য ২৫ টাকা। শত-বার্ষিকী স্মারক-খাম (Special Postal Cover) স্মারক-স্বরূপ সংগ্রহ ও প্রীতি-উপহার দিবার যোগ্য; মূল্য ৭ টাকা।

### ২। বালক-বালিকা সম্মেলন ঃ

বালক-বালিকা সম্মেলনে বিচিত্রানুষ্ঠানে (সঙ্গীত, নৃত্য, আবৃত্তি) অংশ গ্রহণের জন্য ছোট্ট বন্ধুদের (১২ বছর বয়স পর্যন্ত) সাদর আহ্বান জানাচ্ছি। ইচ্ছুক ও উৎসাহী ছোট্ট বন্ধুরা এখনই যোগাযোগ করো। এবারও কিন্তু অনেক মজার মজার অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে ছোট বড় সকলের জন্য। সুতরাং তোমরা যোগদান না করলে বা উপস্থিত না হলে কিন্তু এই মজার সুযোগ হারাবে। এই সঙ্গে জানাই, ছোট্ট বন্ধুরা দুটি গান — 'ছোট্ট শিশু মোরা' আর 'আগুনের পরশমণি' বাড়িতে শিখে আসবে। সেদিন সকলের সঙ্গে তোমাদের গাইতে হবে।

আশাকরি এই অনুষ্ঠানটি সর্বাঙ্গসুন্দর করতে অভিভাবকরা সবরকমে আমাদের সাহায্য করবেন। নির্ধারিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠান পরিচালিত হবে। প্রীতি উপহার ও জলযোগে আনন্দানুষ্ঠানের সমাপ্তি।

### ৩। আনন্দ-মেলা ঃ

এই বৎসর সমাজে আয়োজিত "আনন্দ-মেলার" ৬১ তম উৎসব। উৎসবের অনুষ্ঠান-সূচী অনুযায়ী এই বৎসরও আনন্দ-মেলার বিশেষ আয়োজন করা হইতেছে। এই বিষয়ে সকলের সক্রিয় সহযোগিতা কামনা করি। নির্মল আনন্দলাভ ও পরস্পরের সহিত মিলিত হইবার উপযুক্ত ক্ষেত্র এই আনন্দ-মেলা।

নবীন ও প্রবীনদের জন্য যথাযোগ্য খেলাধূলা, উপহার বিপণী (Gift Stall), সমাজ প্রকাশিত পুস্তক বিপনী ইত্যাদি এবং নানাবিধ রসনাতৃপ্তিকর খাদ্যদ্রব্য, সমাজের বিভিন্ন প্রতিষ্ঠানের অভিজ্ঞ কারুশিল্পীদের নির্মিত নানাবিধ হস্তশিল্প ও দ্রব্যাদির আয়োজন থাকিবে।

ছোটদের প্রিয় উপহার-বিপণীতে (Gift Stall) বিক্রয়ের জন্য মনোহর দ্রব্যাদি অথবা অর্থ দান করিয়া সাহায্য করুন। এই বিপণীর প্রতি ছোটরা বিশেষ আগ্রহী। গৃহে প্রস্তুত খাদ্য-সামগ্রী বিক্রয়ের জন্য দান করিতে চাহিলে সানন্দে গ্রহণ করা হইবে। কে কি খাদ্যদ্রব্য দান করিবেন তাহা ১লা ফেব্রুয়ারীর মধ্যে জানাইলে আমাদের কার্যের সুবিধা হইবে।

এই বৎসব আনন্দ-মেলার ৬১ বৎসর পূর্ত্তি উপলক্ষে এই বিশেষ আনন্দানুষ্ঠানে আমরা পূর্বাপেক্ষা অধিক সংখ্যক শুভানুধ্যায়ী/সদস্য-সমাবেশের প্রত্যাশা করি। আন্তরিক অনুরোধ, আপনারা সকলে সপরিবারে ও সবান্ধবে এই আনন্দ-মেলায় যোগদান করিয়া নির্মল আনন্দলাভ করিবেন ও আমাদের প্রচেষ্টাকে উৎসাহিত করিবেন। আপনাদের সকলের উপস্থিতি এই আনন্দ-দায়ক অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করিবে। সংগৃহীত অর্থ সমাজের বিভিন্ন দাতব্য প্রতিষ্ঠানে প্রদান করা হইবে।

### ৪। প্রীতিভোজ ঃ

প্রতি বৎসরের ন্যায় যথারীতি দিনব্যাপী উৎসবের দিনে প্রাতঃকালীন উপাসনাদির শেষে সকলে মিলিয়া প্রেমান্ন গ্রহণের ব্যবস্থা হইতেছে। ইহা ব্যতীত, বালক-বালিকা সম্মেলন ও শান্তিবাচনে যথারীতি মধ্যাহ্ন ও সান্ধ্য ভোজের ব্যবস্থা থাকিবে।

### ৫। উৎসবের চাঁদা ঃ

প্রতি বৎসর অতিরিক্ত ব্যয়ভার এবং সর্বস্তরে ক্রমবর্ধমান মূল্যবৃদ্ধির জন্য উৎসব পরিচালনার ব্যয় বৃদ্ধি পাইয়াছে। উৎসবের এই বিপুল ব্যয়ভার আপনাদের মুক্তহস্ত দানের উপর নির্ভরশীল। আমাদের বিনীত অনুরোধ এই জন্যে প্রয়োজনীয় চাউল, সব্জি, মসলা, তেল-ঘী ইত্যাদির মূল্য এবং অনুষাঙ্গিক ব্যয়ের জন্য সাধ্যমত দান করুন। উৎসবে আপনার দেয় চাঁদা/দান বিগত বৎসরের তুলনায় যথাযোগ্য বৃদ্ধি করিলে বাধিত হইব।

এই মাঘোৎসব সর্বাঙ্গ সুন্দর ও সফল করিবার জন্য সকল সদস্য ও শুভানুধ্যায়ীদের সক্রিয় সহযোগিতা, সাহায্য ও সবান্ধব যোগদান কামনা করি। অনুষ্ঠানগুলিতে সবান্ধবে উপস্থিত হইয়া উৎসবকে প্রাণবন্ত এবং আমন্ত্রিত অংশগ্রহণকারী ও সংগঠকদের উৎসাহিত করুন, এই প্রার্থনা জানাই।

**Brahmo Sammilan Barta will be available on Samaj Website.**

**Look out for Samaj site : www.thebrahmosamaj.org/samajes/sammilan.html**

লেখক-লেখিকার নিজস্ব মতামতের জন্য সমাজ ও সম্পাদক-মণ্ডলী কোনক্রমে দায়ী নহেন।

Printed and Published by Sri Prabir Ranjan Das Gupta on behalf of Brahmo Sammilan Samaj, Published from 1A, Dr Rajendra Road, Kolkata-700 020 and Printed at Bhowanipur Art Press, 80, Ashutosh Mukherjee Road, Kolkata-700 025. Editor : Dr. Madhusree Ghosh.